

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১২৫

১/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৮৮. আবু ত্বালিবের জন্য নবী (ﷺ) এর সুপারিশ আর তার কারণে তার শাস্তি লঘুকরণ।

আরবী

حَدِيْثُ الْعَبَّاسُ بْنُ عَبْدِ الْمُطَّلِبِ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم مَا أَغْنَيْتَ عَنْ عَمِّكَ فَإِنَّهُ كَانَ يَحُوطُكَ وَيَغْضَبُ لَكَ قَالَ هُوَ فِي ضَحْضَاحٍ مِنْ نَارٍ وَلَوْلاَ أَنَا لَكَانَ فِي الدَّرَكِ الْأَسْفَلِ مِنْ النَّارِ

বাংলা

১২৫. 'আব্বাস ইবনু আবদুল মুক্তালিব (রাযি.) বলেন, আমি একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম, আপনি আপনার চাচা আবূ ত্বলিবের কী উপকার করলেন অথচ তিনি আপনাকে দুশমনের সকল আক্রমণ ও ষড়যন্ত্র থেকে রক্ষা করেছেন। তাদের বিরুদ্ধে তিনি খুব ক্ষুব্ধ হতেন। তিনি বললেন, সে জাহান্নামে পায়ের গোড়ালি পর্যন্ত আগুনে আছে। যদি আমি না হতাম তাহলে সে জাহান্নামের একেবারে নিম্ন স্তরে থাকত।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৩ : আনসারগণের মর্যাদা, অধ্যায় ৪০, হাঃ ৩৮৮৩; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ৯০, হাঃ ২০৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আব্বাস ইবনু আবদুল মুত্তালিব (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=33124

🤰 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন